দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 DEC 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

৮০

৫১

# আজ ১৬টি ছাত্র সংগঠনের শান্তি মিছিল

ইত্তেফাক রিপোর্ট ॥ ১৬টি ছাত্র সংগঠন আজ সকাল ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশ হইতে শান্তি মিছিল বাহির করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। গত

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## ১৬টি ছাত্র সংগঠনের

(প্রথম পৃ: পর)

কাল মঙ্গলবার সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের কেন্দ্রীয় কার্যালয়ে ১৬টি ছাত্র সংগঠনের এক যৌথ সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। মঈনুদ্দিন হাসান চৌধুরী, রুহুল কুদ্দুস বাবু, নাসির উদ-দুজা, আহা[ম] আহমেদ, আবু আসলাম মিন্টু, আবুল কালাম আজাদ, মিজানুর রহমান প্রমুখ সভায় উপস্থিত ছিলেন। সভায় দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার লক্ষ্যে মধুর কেন্টিনে কেন্দ্রীয় কন্ট্রোল রুম স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে।

ভারতের বাবরী মসজিদে হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করিয়া ডাকসু ও সাবেক সর্বদলীয় ছাত্রঐক্য এক যুক্ত বিবৃতিতে দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানাইয়াছে। বিবৃতিদানকারীরা হইলেন : আমান উল্লাহ আমান, হাবিবুর রহমান হাবিব, নাজমুল হক প্রধান, জহির উদ্দিন স্বপন, নাজিম উদ্দিন আলম, ফজলুল হক মিলন, ফয়জুল হাকিম লালা, বজলুর রশিদ ফিরোজ, সাইফুদ্দিন আহমেদ মনি, লুৎফর রহমান, আসাদুর রহমান আসাদ প্রমুখ।